

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.৬৩০

তারিখ: ৩০ কার্তিক ১৪২৮

১৫ নভেম্বর ২০২১

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি প্রদানের বিষয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানের অনুমতি প্রদানের বিষয়ে আবেদনপত্র পাওয়া গেছে:

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	আবেদনের বিষয়
১	আব্দুল জব্বার রাবেয়া খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়, খালিয়াজুরী, নেত্রকোণা	উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
২	হাট মাগুড়া শেখ রেহানা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাদারগঞ্জ, জামালপুর	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৩	প্রিপারেটরী গ্রামার স্কুল, মিরপুর, ঢাকা	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৪	রাবেয়া মেমোরিয়াল হাই স্কুল, সদর, বগুড়া	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৫	মানিকপীর নিম্নমাধ্যমিক বালিকা বিদ্যালয়, বোদা, পঞ্চগড়	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৬	কালিয়াগঞ্জ আদর্শ নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, বোদা, পঞ্চগড়	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৭	শিরটি ইউনাইটেড জুনিয়র স্কুল, পাঁচবিবি, জয়পুরহাট	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৮	খাসকান্দি উচ্চ বিদ্যালয়, সিরাজদিখান, মুন্সীগঞ্জ	উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৯	এস.এস.এস. পৌর আইডিয়াল উচ্চ বিদ্যালয়, সদর, টাঙ্গাইল	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
১০	ইকরা জুনিয়র স্কুল, ধামরাই, ঢাকা	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি

০২। বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে সরেজমিনে পরিদর্শন করে সংযুক্ত ছক মোতাবেক নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশ/সংযুক্ত করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:


(১) প্রতিষ্ঠানের EIIN নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) ও ইমেইল ঠিকানা;

(২) প্রতিষ্ঠানের নিজস্ব জমির নামজারি এবং হালনাগাদ খাজনা পরিশোধের কপি (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);

(৩) ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণ হলে ব্যক্তির পরিচয় প্রতিবেদনে সন্নিবেশ করতে হবে এবং মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে ব্যক্তিনামে নামকরণের জন্য স্তরভিত্তিক নির্ধারিত টাকা যৌথনামে [(ক) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটি/গভর্নিংবডির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক- সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে); ও

(৪) মাধ্যমিক পর্যায়ে পাঠদানের ক্ষেত্রে ৩ বছরের জেএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ) এবং উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের ক্ষেত্রে- ৩ বছরের এসএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক ও বিভাগওয়ারি শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ)।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১৫-১১-২০২১

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds_sec2@moedu.gov.bd

বিতরণ :


- ১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
- ৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
- ৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.৬৩০/১(৫)

তারিখ: ৩০ কার্তিক ১৪২৮
১৫ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ২) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) প্রধান শিক্ষক,
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৫-১১-২০২১

আনোয়ারুল হক

উপসচিব